



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৭
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .....	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৫
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .....	১৬
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .....	১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' প্রতিষ্ঠিত। এ প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে 'সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন' কার্যক্রম সম্পাদনের জন্য একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৪৪৭৩.৫৫ লক্ষ টাকা। মেয়াদকাল মার্চ/২০১০ - জুন/২০২০ নির্ধারিত ছিল। কিন্তু বিশ্ব জুড়ে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে প্রকল্পের কাজ সম্পন্ন করা কঠিন হওয়ায় এর মেয়াদ আগামী ২০২০-২০২১ অর্থবছরের জন্য এক বছর বৃদ্ধি করা প্রয়োজন। প্রকল্পের আওতায় ৪০.১৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, বিদ্যমান ভবনসমূহের সংস্কার ও আধুনিকায়ন কাজ চলমান রয়েছে। ১০তলা প্রশাসনিক ভবন, ১০তলা হোস্টেল ভবন ০৬ তলা একটি অফিসার্স কোয়ার্টার্স ও একটি স্টাফ কোয়ার্টার্সের নির্মাণ কাজ যথাক্রমে ১০০%, ১০০% , ৭৬% ও ৭৬% সম্পন্ন হয়েছে। বিগত ০৩ বছরে মোট ১০,৮১১ জন সুফলভোগি ও সরকারি/বেসরকারী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আয়বর্ধনমূলক কর্মকান্ড, উদ্বুদ্ধকরণ, দক্ষতা উন্নয়ন ও স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রায়োগিক গবেষণা লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

২০১১ সালে বাপার্ডের ভিত্তি প্রস্তর স্থাপিত হয়ে ২০১৫ সালে প্রণীত প্রবিধানমালা অনুযায়ী এর কার্যক্রম শুরু হয় এবং ২০১৯ সালে ৮ জন কর্মকর্তাসহ ৪৯ জন কর্মচারির নিয়োগ সম্পন্ন হয়েছে কিন্তু নব নিয়োগ প্রাপ্ত অনুযয় বৃদ্ধির দক্ষ হিসাবে গড়ে তোলার সীমাবদ্ধতা রয়েছে। বাপার্ডের নির্মিতব্য অবকাঠামো সম্পন্ন না হওয়ায় এবং নতুন জনবলের নিয়োগ ও দক্ষতার সীমাবদ্ধতায় প্রশিক্ষণ প্রদানের সুযোগ-সুবিধাদির সীমাবদ্ধতা রয়েছে। সম্প্রসারিত অবকাঠামো নির্মাণ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত পরিপূর্ণভাবে কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। সীমিত অবকাঠামো ও জনবল দিয়ে প্রত্যাশানুযায়ী সেবা প্রদান চ্যালেঞ্জ হিসাবে গণ্য।

ভবিষ্যৎ পরিকল্পনা:

একাডেমির সার্বিক উন্নয়নের লক্ষ্যে এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়নের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় দুটি ১০ তলা ভবন (একটি একাডেমিক এবং অন্যটি হোস্টেল ভবন সম্পন্ন হয়েছে এবং, একটি ৬ তলা অফিসার্স কোয়ার্টার্স এবং একটি ৬তলা স্টাফ কোয়ার্টার্স নির্মাণের কাজ চলছে। এ ছাড়া একটি কৃষি শেড, একটি পোল্ট্রি শেড, একটি মৎস্য হ্যাচারী শেড এবং অন্যান্য স্থাপনা নির্মাণ চলমান রয়েছে। এসব ভবন নির্মিত হলে প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্র তৈরি হবে। আশা করা যায় অচিরেই এ একাডেমি একটি জাতীয় পর্যায়ের আন্তর্জাতিক মানের দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নের গবেষণা ও প্রশিক্ষণের, উৎকর্ষ কেন্দ্র পরিণত হবে। প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্ব-কর্মসংস্থানে আগ্রহী হিসাবে গড়ে তোলা।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১০তলা বিশিষ্ট প্রশাসনিক ও হোস্টেল ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে;
- ০৬ তলা বিশিষ্ট একটি অফিসার্স কোয়ার্টার্স ও একটি স্টাফ কোয়ার্টার্সের নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হবে;
- ২০২০-২১ অর্থ বছরে ৩২০৫ জনকে (২২৮০ জন সুফলভোগিকে আয়বর্ধনমূলক কর্মকান্ড, ৩৪৫ জন উদ্বুদ্ধকরণ ও ৫৮০ জন স্থানীয়) প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে;
- সীমানা প্রাচীরসহ অন্যান্য সকল অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হবে;
- কৃষি শেড নির্মাণ কাজ সম্পন্ন হবে ;
- মৎস্য হ্যাচারী শেড নির্মাণ কাজ সম্পন্ন হবে এবং
- ০৩ (তিন) টি প্রায়োগিক গবেষণা পরিচালনা করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ...জুলাই... মাসের ...২৬... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহায়তা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ এবং গবেষণার মাধ্যমে কৃষি, শিক্ষা ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে নতুন নতুন কৌশল, তত্ত্ব, জ্ঞান এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কর্মশালা ও সেমিনার আয়োজন করে চিরাচরিত দৃষ্টি ভঙ্গির পরিবর্তন, আধুনিক ধ্যান-ধারণা লাভে গ্রামীণ জনগোষ্ঠিকে সহায়তা করা এবং উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় রেখে টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নত ও আধুনিক কৃষি প্রযুক্তি হস্তান্তর।

#### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন এবং স্ব-কর্মসংস্থানের ক্ষেত্রে তৈরি;
২. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়ন এবং পল্লী অঞ্চলের যুগোপযোগী ও টেকসই উন্নয়ন;
৩. বাপার্ডের অবকাঠামো উন্নয়ন;
৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন।

##### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে গবেষণার জন্য Centre of Excellence হিসাবে কাজ করা এবং দারিদ্র্য বিমোচনে সরকারের অন্যতম ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করা ;
২. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের জাতীয় পর্যায়ে প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম পরিচালনা করা ;
৩. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, কর্মশালা, সেমিনার ইত্যাদি পরিচালনা করা;
৪. ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বিত্তহীন পুরুষ ও মহিলা, বেকার যুবক ও যুব মহিলাদের দক্ষতা অর্জনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কৃষি ও অকৃষি খাতের বিভিন্ন উপার্জনমূলক কর্মকাণ্ডের উপর প্রশিক্ষণ পরিচালনা করা ;
৫. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, শিক্ষা, উপকূলীয় ও জোয়ারভাটা এলাকার আর্থ-সামাজিক বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনা করা ;
৬. সরকারি ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাকে উহাদের চাহিদার বিপরীতে প্রয়োজনীয় পরামর্শ ও সেবা প্রদান করা;
৭. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে উচ্চতর শিক্ষায় নিয়োজিত দেশী ও বিদেশী শিক্ষার্থীদের গবেষণা কার্য পরিচালনা ও তত্ত্বাবধান করা বা গবেষণা কার্য সম্পাদনের ক্ষেত্রে সহায়তা প্রদান করা;
৮. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা করা;
৯. দারিদ্র্য বিমোচনে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগী সংস্থার সাথে যৌথভাবে কাজ করা;
১০. কৃষি কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন বিষয়ক গবেষণা ও কৃষি শিশু শ্রমিকদের শিক্ষার মূলধারায় আনয়নের লক্ষ্যে গবেষণা করা;

১১. গ্রামীণ দরিদ্র নারীদের সামাজিক নিরাপত্তা, নারীর সার্বিক ক্ষমতায়নের জন্য গবেষণা করা ;
১২. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন নীতিমালা প্রণয়নে সরকারি নীতি নির্ধারকগণকে সহায়তা প্রদান করা;
১৩. একাডেমির উদ্দেশ্যের সহিত সামাজ্যস্বপূর্ণ অন্য কোন কাজ করা।

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২১-২০২২	২০২২-২০২৩		
প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন।	প্রশিক্ষণ	জন (লক্ষ)	০.০৩৭৩২	০.০২৪৬২	০.০৩২০৫	০.০৩৩৬৫	০.০৩৫৩৫	সুফলভোগী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, এলজিইডি, বিআরডিবি, আমার বাড়ি আমার খামার (আবাআখা), সিভিডিপি প্রকল্প এবং সরকারি/বেসরকারি সংস্থা।	বাপার্ডের প্রশিক্ষণ প্রতিবেদন
প্রায়োগিক গবেষণা ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে লাগসই প্রযুক্তি উদ্ভাবন	গবেষণা	সংখ্যা	২	২	৩	৪	৫	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/ বাপার্ড।	বাপার্ডের প্রশিক্ষণ ও গবেষণা প্রতিবেদন

\*সাময়িক (provisional) তথ্য



### সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ</b>															
[১] প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন এবং স্ব-কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি;	৪০	[১.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	[১.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণার্থী	সমষ্টি	জন (লক্ষ)	১৫	০.০২৫৮৯	০.০১৮৬৪	০.০২২৮০	০.০২০৫২	০.০১৮২৪	০.০১৫৯৬	০.০১৩৬৮	০.০২৩৮৫	০.০২৪৮৫
			[১.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী	সমষ্টি	জন (লক্ষ)	১৩	০.০০৩৩৫	০.০০২৩৬	০.০০৩৪৫	০.০০৩১১	০.০০২৭৬	০.০০২৪২	০.০০২০৭	০.০০৩৮০	০.০০৪২০
		[১.২] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসহ প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	[১.২.১] স্থানীয় প্রশিক্ষণার্থী (পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী প্রতিনিধি ও এনজিও কর্মী)	সমষ্টি	জন (লক্ষ)	১২	০.০০৮০৮	০.০০৩৬২	০.০০৫৮০	০.০০৫২২	০.০০৪৬৪	০.০০৪০৬	০.০০৩৪৮	০.০০৬০০	০.০০৬৩০
[২] পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন এবং পল্লী অঞ্চলের যুগোপযোগী ও টেকসই উন্নয়ন;	১৫	[২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদনা	[২.১.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	২	২	৪	৩	২	১	১	৫	৬
		[২.২] সেমিনার, কর্মশালা এবং প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার	[২.২.১] প্রকাশিত গবেষণা / প্রায়োগিক গবেষণার ফলাফল	সমষ্টি	সংখ্যা	৫	২	২	২	১	১	০	০	৩	৪
			[২.২.২] আয়োজিত সেমিনার, কর্মশালা	সমষ্টি	সংখ্যা	৫	৩	২	৩	২	১	০	০	৪	৫

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] বাপার্ডের অবকাঠামো উন্নয়ন;	১২	[৩.১] অফিসার্স কোয়ার্টার্স নির্মাণ	[৩.১.১] ৬তলা ভবন	সমষ্টি	%	২	৩৪	৪২	২৪	২১.৬	১৯.২	১৬.৮	১৪.৪		
		[৩.২] স্টাফ কোয়ার্টার্স নির্মাণ	[৩.২.১] ৬তলা ভবন	সমষ্টি	%	২	২২	৫৪	২৪	২১.৬	১৯.২	১৬.৮	১৪.৪		
		[৩.৩] অফিসার্স ও স্টাফ কোয়ার্টার্স মেরামত	[৩.৩.১] ৩ তলা অফিসার্স ও স্টাফ ভবন মেরামত	সমষ্টি	%	২	০	৫০	৫০	৪৫	৪০	৩৫	৩০		
		[৩.৪] কৃষি শেড নির্মাণ	[৩.৪.১] কৃষি শেড নির্মাণ	সমষ্টি	%	২	০	২৭	৭৩	৬৬	৫৮	৫১	৪৪		
		[৩.৫] মৎস্য হ্যাচারি শেড	[৩.৫.১] হ্যাচারি শেড	সমষ্টি	%	২	০	২৭	৭৩	৬৬	৫৮	৫১	৪৪		
		[৩.৬] সীমানা প্রাচীর নির্মাণ	[৩.৬.১] সীমানা প্রাচীর নির্মাণ	সমষ্টি	%	২	০	৫৫	৪৫	৪০.৫	৩৬	৩১.৫	২৭		
[৪] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন।	৮	[৪.১] বৃক্ষ চারা বিতরণ	[৪.১.১] বৃক্ষ চারা বিতরণ	সমষ্টি	সংখ্যা (হাজার)	৪	০	০.০১২	১০.০০	০.০৯	০.০৮	০.০৭	০.০৬		
		[৪.২] মাছের পোনা বিতরণ	[৪.২.১] মাছের পোনা বিতরণ	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	৪	০	০	১.০০	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সমষ্টি	সংখ্যা	২			৪						
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	১			১২	১১					
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩	২				
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১			৪	৩	২				
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩	২				
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	সমষ্টি	%	২			৮০	৭০	৬০				
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	তারিখ	তারিখ	২			১৫.০২.২১	১৫.০৩.২১	১৫.০৪.২১	১৫.০৫.২১			
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	তারিখ	তারিখ	২			২৫.০২.২১	২৫.০৩.২১	২৫.০৪.২১	২৫.০৫.২১			
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	জনঘন্টা	১			৫০	৪০	৩০	২০			
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	সমষ্টি	জনঘন্টা	১			৫	৪					
[২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	১			১								


কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	সমষ্টি	%	১			১০০	৯০	৮০				
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	%	২			১০০	৯০	৮০				
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	ক্রমপুঞ্জিভূত	%	১			৮০	৭০	৬০	৫০			
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	ক্রমপুঞ্জিভূত	%	১			৫০	৪০	৩০	২৫			
		[৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ	[৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত	তারিখ	তারিখ	১			১৫.১২.২০	১৪.০১.২১	১৫.০২.২১				

\*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

 ২৬/৭/২০২০


মহাপরিচালক  
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি  
(বাপার্ড)

২৬ জুলাই ২০২০

তারিখ



সচিব  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী  
উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

 ২৬/৭/২০২০

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আইজিএ	ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম)
২	আরডিএ, বগুড়া	রুরাল ডেভলপমেন্ট একাডেমী, বগুড়া
৩	এসএফডিএফ	স্মল ফার্মার্স ডেভলপমেন্ট ফাউন্ডেশন
৪	এলজিইডি	লোকাল গভর্নেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
৫	ইরেসপো (IRESPPW)	ইন্টিগ্রেটেড রুরাল ইমপ্লয়মেন্ট সাপোর্ট প্রজেক্ট ফর দি পুওর ওমেন
৬	পউসবি	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭	পাবসস	পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি
৮	পিডিবিএফ	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
৯	বার্ড, কুমিল্লা	বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলোপমেন্ট, কুমিল্লা
১০	বাপার্ড, গোপালগঞ্জ	বঙ্গবন্ধু একাডেমি ফর পোভার্টি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভলোপমেন্ট (বাপার্ড), গোপালগঞ্জ
১১	বিআরডিবি	বাংলাদেশ রুরাল ডেভলোপমেন্ট বোর্ড
১২	সিভিডিপি	সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প
১৩	আবাবাখা প্রকল্প	আমার বাড়ি আমার খামার প্রকল্প
১৪	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা বিষয়ক অধিদপ্তর



**সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[১.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	[১.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণার্থী	কৃষি ও অকৃষি ক্ষেত্রে স্বল্প মেয়াদি বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মধ্যে- জৈবসার তৈরি, নার্সারি ও শাক-সবজি চাষ, প্রাণিসম্পাদ পালন, হাঁস-মুরগী পালন, সেলাই উল্লেখযোগ্য। এ ক্ষেত্রে স্থানীয় চাহিদা ও উপযোগিতা প্রাধান্য পেয়ে থাকে।	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার ও প্রশিক্ষণ প্রতিবেদন।
	[১.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী	সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিতে সহায়তামূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ। এরূপ প্রশিক্ষণ বিষয়ের মধ্যে- নারীর উন্নয়ন, বাল্যবিবাহ হ্রাস, যৌতুক না দেওয়া/না নেওয়া, অটিজম, সুশাসন, দুর্নীতি, নেতৃত্ব ইত্যাদি উল্লেখযোগ্য।	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার ও প্রশিক্ষণ প্রতিবেদন।
[১.২] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসহ প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	[১.২.১] স্থানীয় প্রশিক্ষণার্থী (পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী প্রতিনিধি ও এনজিও কর্মী)	কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ।	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার ও প্রশিক্ষণ প্রতিবেদন।
[২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদনা	[২.১.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণার সংখ্যা	(i) Yield Performance of Vegetable and Spice Crops on Floating Bed (ii) A Sustainable Solution for Rural Development to Bangladesh	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার।
[২.২] সেমিনার, কর্মশালা এবং প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফলের প্রচার/বিস্তার	[২.২.১] প্রকাশিত গবেষণা / প্রায়োগিক গবেষণার ফলাফল	(১) জীবনমান উন্নয়নে আয়বর্ধনমূলক প্রশিক্ষণের প্রভাব নিরূপন সংক্রান্ত সমীক্ষা (Impact Study) বিষয়ক গবেষণা। (২) পল্লী এলাকায়/প্লাবন ভূমিতে কৃষি ও মৎস্য চাষ বিষয়ক প্রায়োগিক গবেষণা।	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার।
	[২.২.২] আয়োজিত সেমিনার, কর্মশালা	‘দক্ষিণাঞ্চলের পল্লী দারিদ্র্য বিমোচনে বাপার্ড এবং বাপার্ডের সক্ষমতা বৃদ্ধিতে সম্প্রসারণ প্রকল্পের ভূমিকা’ শীর্ষক কর্মশালা	বাপার্ড।	রেজিস্ট্রার থেকে গণনা করা।	বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্ট্রার।
[৩.১] অফিসার্স কোয়ার্টার্স নির্মাণ	[৩.১.১] ৬তলা ভবন	আধুনিক সুবিধাদিসহ ৬তলা ভবনের নির্মাণ কার্যাদি সম্পন্ন করণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।
[৩.২] স্টাফ কোয়ার্টার্স নির্মাণ	[৩.২.১] ৬তলা ভবন	আধুনিক সুবিধাদিসহ ৬তলা ভবনের নির্মাণ কার্যাদি সম্পন্ন করণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।
[৩.৩] অফিসার্স ও স্টাফ কোয়ার্টার্স মেরামত	[৩.৩.১] ৩ তলা অফিসার্স ও স্টাফ ভবন মেরামত	৩তলা ভবনের মেরামত কার্যাদি সম্পন্ন করণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।
[৩.৪] কৃষি শেড নির্মাণ	[৩.৪.১] কৃষি শেড নির্মাণ	অত্যাধুনিক সুবিধাদিসহ কৃষি মিউজিয়াম, গবেষণা কক্ষ ও সুসজ্জিত ডিজিটাল প্রশিক্ষণ ক্লাস রুমসহ ৩তলা কৃষি শেড নির্মাণ কার্যাদি সম্পন্নকরণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[৩.৫] মৎস্য হ্যাচারি শেড	[৩.৫.১] হ্যাচারি শেড	অত্যাধুনিক সুবিধাদিসহ মৎস্য মিউজিয়াম, গবেষণা কক্ষ ও সুসজ্জিত ডিজিটাল প্রশিক্ষণ রুমসহ ৩তলা মৎস্য হ্যাচারি শেড নির্মান কার্যাদি সম্পন্নকরণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।
[৩.৬] সীমানা প্রাচীর নির্মাণ	[৩.৬.১] সীমানা প্রাচীর নির্মান	বাপার্ড ক্যাম্পাস নিরাপত্তার জন্য সুরক্ষিত সীমানা প্রাচীর নির্মান কার্যাদি সম্পন্নকরণ।	বাপার্ড।	প্রকল্প দপ্তরের সংরক্ষিত নথি।	বাপার্ড প্রকল্প নথি।
[৪.১] বৃক্ষ চারা বিতরণ	[৪.১.১] বৃক্ষ চারা বিতরণ	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য বৃক্ষ চারা সুফলভোগি / প্রশিক্ষণার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণ।	বাপার্ড।	বাপার্ড কৃষি বিভাগ রেজিস্টার থেকে গননা।	বাপার্ড কৃষি বিভাগের রেজিস্টার।
[৪.২] মাছের পোনা বিতরণ	[৪.২.১] মাছের পোনা বিতরণ	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য মৎস্য পোনা সুফলভোগি / প্রশিক্ষণার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণ।	বাপার্ড।	বাপার্ড মৎস্য বিভাগের রেজিস্টার থেকে গননা।	বাপার্ড মৎস্য বিভাগ রেজিস্টার।

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
অন্যান্য	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোপালগঞ্জ	উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী	কিশোর-কিশোরী ক্লাব থেকে আগত প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস
অন্যান্য	এলজিইডি	আয়বর্ধনমূলক প্রশিক্ষণার্থী	পাবসস থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস
দপ্তর / সংস্থা	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)	আয়বর্ধনমূলক প্রশিক্ষণার্থী	ইরেসপো'র সুবিধাভোগীদের মধ্য থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস
দপ্তর / সংস্থা	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ)	উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী	অফিসিয়াল প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস
অন্যান্য	আমার বাড়ি আমার খামার প্রকল্পের সুফলভোগী গ্রুপ	আয়বর্ধনমূলক প্রশিক্ষণার্থী	সুফলভোগী গ্রুপ থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস
অন্যান্য	তিতাস, গ্যাস কোম্পানী লিঃ	উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী	প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।	দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়।	অগ্রগতি হ্রাস